

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০১.১৮-৮৯

তারিখঃ ১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

আদেশ

যেহেতু, জনাব হাসান মুরাদ চৌধুরী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল)বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) উপবিধি মোতাবেক “তিরস্কার”(Censure) দণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয় বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর ৩০/০৭/২০১৭ তারিখের ৩৮.১০৫.০২৭.০৪.০৮.১৫৫.২০১৬-৩০১ নং প্রজ্ঞাপনে তার উপর আরোপিত “তিরস্কার” দণ্ড মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব হাসান মুরাদ চৌধুরী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার)-এর প্রদত্ত তিরস্কার” দণ্ড মওকুফ করা হলো।


২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০১.০৪.১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০১.১৮-৮৯

তারিখঃ ১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার।
- ৮। জনাব হাসান মুরাদ চৌধুরী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার
- ৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)
উপ সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১